


অফিস আদেশ

বাজিতপুর উপজেলার গ্রামপুলিশ (মহল্লাদার) পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে আবেদনকারীদের মৌখিক পরীক্ষা ও নিয়োগ সংক্রান্ত উপজেলা বাছাই কমিটির ০৫ জুলাই ২০২২ তারিখের সুপারিশের প্রেক্ষিতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (সংশোধিত ০৩ জুলাই, ২০১৭) অনুসারে মহল্লাদার পদে নিম্নোক্ত প্রার্থীগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়নে উল্লিখিত শর্তে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে আগামী ০৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত কর্মস্থলে যোগদান করার জন্য বলা হলো।

ক্রমিক নং	প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম ও মাতার নাম	স্থায়ী ঠিকানা	ইউনিয়ন	দায়িত্বপ্রাপ্ত ওয়ার্ড নং	মন্তব্য
০১	জনাব নূর মোহাম্মদ পিতা : মোঃ গেসু মিয়া মাতা : মোছাঃ সহিনা	গ্রাম : হোসেনপুর দক্ষিণ ডাকঘর : হুমাইপুর	০১নং হুমাইপুর	০২	
০২	জনাব মোজাম্মেল হক পিতা : মস্ত মিয়া মাতা : মোছাঃ রহিমা খাতুন	গ্রাম : গোসাইপুর ডাকঘর : হুমাইপুর	০১নং হুমাইপুর	০৫	
০৩	জনাব মোঃ বোরহান মিয়া পিতা : মৃত মোঃ শাফি মিয়া মাতা : আফিলা খাতুন	গ্রাম : সাদিরচর ডাকঘর : গাজিরচর	১০নং গাজিরচর	০৯	


শর্তাবলী :

- ০১। এ নিয়োগ অস্থায়ী এবং শিক্ষানবিশকালে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০২। মহল্লাদার পদের জন্য আয়োজিত প্রশিক্ষণ সন্তোষজনকভাবে সম্পন্ন করতে না পারলে কর্তৃপক্ষ মহল্লাদার পদ হতে অব্যাহতি দিতে পারবে।
- ০৩। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রামপুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ২১ বিধিতে উল্লিখিত দায়িত্ব যথাযথভাবে পালন করতে হবে।
- ০৪। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ বিধি মোতাবেক বেতন ভাতাদি প্রাপ্য হবেন।
- ০৫। উক্ত চাকরি সরকার কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নির্দেশনানুযায়ী পরিচালিত হবে।
- ০৬। নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণ আগামী ০৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বরাবর যোগদান করতে হবে, নির্ধারিত সময়সীমার মধ্যে যোগদানে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।


০৫.০৭.২২
মোছাঃ মোরশেদা খাতুন
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ
ও
সভাপতি
মহল্লাদার নিয়োগ বাছাই কমিটি

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ।
- ০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
- ০৪। পুলিশ সুপার, কিশোরগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৬। উপজেলা প্রকৌশলী, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৭। অফিসার ইনচার্জ, বাজিতপুর থানা।
- ০৮। উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
- ০৯। চেয়ারম্যান, হুমাইপুর/গাজিরচর ইউনিয়ন পরিষদ, বাজিতপুর, কিশোরগঞ্জ। নিয়োগকৃত প্রার্থীর নিয়োগ পত্রে উল্লিখিত তারিখের মধ্যে যোগদান নিশ্চিত করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। জনাব
- ১১। মাস্টার ফাইল
- ১২। অফিস কপি।


০৫.০৭.২২
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ